# দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

## উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবহাটা, সাতক্ষীরা।

Phone no : 0473272236. Email :debhata@.uhfpo.dghs.gov.bd

সভাপতি ঃ- জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
তারিখ ঃ- ২১/১০/২০২১ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার।
সময় ঃ- সকাল ০৯:৩০ ঘটিকা।

অংশ গ্রহনকারী ঃ- সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পৃথক নথিতে লিপিবদ্ধ।

পবিত্র কুরআন থেকে তেলোয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের সভাপতিত্বে জুলাই/২০২১ মাসে অনুষ্ঠিতব্য স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মিটিং এর রেজুলেশন পাঠ এবং সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

**আলোচ্য বিষয়সমূহ ঃ-**

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।
২। কোভিড-১৯ মোকাবেলায় র‌্যাপিড এন্টিজেন টেস্ট ও স্যাম্পল কালেকশন অব্যহত রাখা।
৩। হাসপাতালের সাধারন রোগীদের ও কোভিড রোগীদের পৃথক ব্যবস্থপনায় চিকিৎসা সেবা প্রদান ।
৪। ১৮উদ্ধো বয়সী সকল সুস্থ্য জনগনকে সুরক্ষা এ্যাপ থেকে নিজ নিজ রেজিস্ট্রেশনের জন্য উদ্বুদ্ধ করনের ।
৫। বিবিধ।

**সভায় উপরোল্লিখিত বিষয় গুলোর উপর বিস্তারিত আলোচনা ও নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মহামারী করোনা প্রতিরোধে র‌্যাপিড এন্টিজেন টেস্ট ও স্যাম্পল কালেকশন | সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয় হাসপাতালে আগত রোগীদের র‌্যাপিড এন্টিজেন টেস্ট ও স্যাম্পল কালেকশন করা হচ্ছে কিনা-এ বিষয়ে প্রশ্ন করেন। জবাবে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডাঃ মোঃ আব্দুল লতিফ- বলেন বর্তমান "র‌্যাপিড এন্টিজেন টেষ্ট" স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এই পরীক্ষা করা হচ্ছে। জনগনের মধ্যে যথেষ্ট সাড়া ও পাওয়া যাচ্ছে। এই পরিক্ষার রেজাল্ট সাথে সাথে প্রদান করা হচ্ছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার-ডাঃ বিপ্লব মন্ডল, আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করছেন। র‌্যাপিড এন্টিজেন টেষ্টে যাদের রেজাল্ট নেগেটিভ আসে তাদের নমুনা পুনরায় ৫০০ শয্যা বিশিষ্ট সাতক্ষীরা মেডিকেল কলেজ ল্যাবে প্রেরন করা হয়।<br>স্বাস্থ্য কমপ্লেক্স থেকে প্রতিষ্ঠান থেকে রেপিড এন্টিজেন পরীক্ষা ও সাথে সাথে রেজাল্ট পাওয়ায় জনগন খুব আগ্রহী হচ্ছে। সুরক্ষা এ্যাপস্ থেকে ছাত্র/ছাত্রী রেজিষ্ট্রেশন করছে এবং টিকা গ্রহন করছে। রেজিষ্ট্রেশন ব্যতীত কাউকে টিকা প্রদান করা হবে না। রেজিষ্ট্রেশন ব্যতীত কেউ টিকা সনদ গ্রহন করলে সে ব্যক্তি টিকা সনদ সংগ্রহ করতে পারবে না। বর্তমান সরকারী-বে সরকারী সকল প্রতিষ্ঠানের সেবা প্রাপ্তির ক্ষেত্রে টিকা সনদ প্রয়োজন হচ্ছে। কাজেই আমরা নিজেদের স্থান থেকে যতদূর সম্ভব উপজেলা পরিষদ,ইউনিয়ন পরিষদ ও সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান থেকে জনগনকে অবহিত করছি। তাছাড়া আমাদের স্বাস্থ্য কর্মীরা এ বিষয়ে জনগনকে অবহিত করন অব্যহত রেখেছে। আশাকরছি অতিসত্তর আমরা টিকা গ্রহনের লক্ষ্যমাত্রা অর্জনে ভাল অবস্থানে থাকবো। | নির্বাহী অফিসার, দেবহাটা উপজেলা ও সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি |
| হাসপাতালে সাধারন রোগী ও কোভিড-১৯ রোগীর পৃথক চিকিৎসা সেবা প্রদান | সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয় কোভিড-১৯ রোগী ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবা প্রদান বিষয়ে প্রশ্ন করেন। জবাবে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন- সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা রোগীর চিকিৎসার জন্য আইসোশেন ইউনিট চালু আছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ আইসোলেশন বেড পৃথক ভবনে তৈরী আছে। সেখানে এ পর্যন্ত কোভিড পজেটিভ-১১ জন ও সাসপেকটেড ৫১ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে এবং তারা সম্পূর্ন সুস্থ্য হয়েছেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ও আবাসিক মেডিকেল অফিসার। |

| | | |
|---|---|---|
| ১৮ উদ্ধোবয়সী সকলকে টিকা প্রদান | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কোভিড-১৯ প্রতিরোধে প্রতিশেধক টিকা গ্রহনে যাতে কেউ বাদ না পড়ে সেজন্য সরকার ইউনিয়ন পর্যায়ে ১ম,২য় ও ৩য় ডোজ টিকা প্রদান সম্পন্ন করেছেন। ইউনিয়ন পর্যায়ে টিকা গ্রহনের ক্ষেত্রে যথেষ্ট সাড়া পাওয়া গিয়েছে। মানুষ এখন টিকা গ্রহনে খুবই আগ্রহী। তবে একটি বিষয় উল্লেখ করতে চাই যে, যারা ইউনিয়ন থেকে টিকা গ্রহন করেছেন। তারা উপজেলা থেকে টিকা গ্রহন করতে পারবেনা। তাদের জন্য সরকার পৃথক টিকা কার্ড চালু করেছেন। এই কার্ড তাদেরকে প্রদান করা হবে। রেজিষ্ট্রেশন ব্যতিত কোন ব্যক্তিকে কোভিড ভ্যাকসিন গ্রহন করলে সে টিকা সনদ গ্রহন করতে পারবে না। টিকা সনদ গ্রতন করতে চাইলে তাকে অবশ্যই সুরক্ষা এ্যাপস্ থেকে রেজিষ্ট্রেন করতে হবে এবং সিডিউল অনুযায়ী টিকা গ্রহন করতে হবে। রেজিষ্ট্রেশনকৃত ব্যক্তির কোন তথ্য ভুল থাকলে যেমন মোবাইল নাম্বার ও অন্যান্য তথ্য তা সংশোধনের জন্য উপজেলা আইটি সেকশনে যোগাযোগ করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিকা রেজিষ্ট্রেশনের সংশোধনের কোন সুযোগ নাই। | আবাসিক মেডিকেল অফিসার ও সকল স্বাস্থ্য কর্মী অত্র স্বাস্থ্য কমপ্লেক্স |
| স্বাস্থ্য কমপ্লেক্স ও বিবিধ আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা- সভাপতি মহোদয়ের বিশেষ দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কমপ্লেক্সের ক্যাম্পাসে বিভিন্ন জাতীয় ফুলের গাছ ও বাগানে রঙ্গিন লাইট স্থাপন করা হয়েছে যা হাসপাতালের পরিবেশ কে আরও মনোরম করছে। সভাপতি মহোদয় জনাব জি এম স্পর্শ, স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার-পরিচ্ছন্নতা, জীবানু মুক্ত রাখা ও সৌন্দয্য বর্ধনে রঙ্গিন লাইট স্থাপনে সন্তোষ প্রকাশ করেন এবং কর্মরত সকলকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, রোগ নিয়ন্ত্রনের জন্য পরিস্কার-পরিচ্ছন্নতা একান্ত প্রয়োজন। অন্তঃবিভাগ, জরুরী বিভাগ ও বহিঃবিভাগ প্রতিদিন জিবানু নাশক দিয়ে পরিস্কার করা হচ্ছে। স্বাস্থ্য কপ্লেক্সে চলমান কার্যক্রম অব্যহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | আরএমও, এসআই, এইচ আই ও ফার্মাসিষ্ট |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/১০/২১

জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
সভাপতি
স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি
দেবহাটা, সাতক্ষীরা।

স্মরক নং-উস্বাক/দেব/সাত/শা:পরি-২/২০২১/৯৭৩(১) ১০ তারিখঃ- ২২/১০/২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ-

১। অতিরিক্ত সচিব(হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃঃআঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৪। পরিচালক(স্বাস্থ্য), খুলনা বিভাগ,খুলনা।
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা।
৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,দেবহাটা, সাতক্ষীরা।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দেবহাটা থানা, দেবহাটা, সাতক্ষীরা।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
১০। চেয়ারম্যন, ইউনিয়ন পরিষদ (সকল),দেবহাটা,সাতক্ষীরা।

২২/১০/২১

(ডাঃ মোঃ আব্দুল লতিফ)
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
দেবহাটা, সাতক্ষীরা।

22/10/2021